

জরুরি নিয়োগ বিজ্ঞপ্তি

অর্থ-মন্ত্রণালয়ের অধীনস্থ সরকারি মালিকানাধীন আর্থিক প্রতিষ্ঠান ইনফাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কোম্পানি লিমিটেড (ইডকল) দেশের অবকাঠামো উন্নয়ন এবং নবায়নযোগ্য শক্তি ও সাধারণী জীবনের ব্যবহার সম্প্রসারণে কাজ করে যাচ্ছে। প্রতিষ্ঠানে এক মুগের মধ্যেই এটি অবকাঠামো উন্নয়ন ও নবায়নযোগ্য শক্তি কর্মসূচি অর্থায়নের ক্ষেত্রে দেশের শীর্ষস্থানীয় আর্থিক প্রতিষ্ঠানে পরিণত হয়েছে। ইডকল ইতোমধ্যে বেসরকারি উদ্যোগে প্রতিষ্ঠিত ও পরিচালিত ১,৫৫০ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন ১৪ টি বিদ্যুৎ প্রকল্প অর্থায়ন করেছে যা দেশের মোট বিদ্যুৎ উৎপাদন ক্ষমতার শতকরা প্রায় ১৫ ভাগ। প্রতিষ্ঠানটি তার সৌরবিদ্যুৎ কর্মসূচির মাধ্যমে এ পর্যন্ত প্রায় ৪১ লক্ষ সোলার হোম সিস্টেম স্থাপন করেছে যার ফলে গ্রামাঞ্চলের প্রায় ২ কোটি জনসাধারণ বিদ্যুৎ সুবিধা পাচ্ছেন। এছাড়া অন্যান্য অবকাঠামো উন্নয়ন ও নবায়নযোগ্য শক্তি প্রকল্প যেমন সৌর সেচ পাম্প, সোলার মিনি-হাইড্ৰোলিক, সোলার রুফ-টপ, বায়োগ্যাস, উন্নত চুলা ইত্যাদি অর্থায়নেও এটি কাজ করছে। এই সকল কর্মসূচির কারিগরি ও আর্থিক বিষয়সমূহ যাচাই/নিরীক্ষণের জন্য জরুরি ভিত্তিতে টেকনিক্যাল ইস্পেক্টর পদে কিছু সংখ্যক উপযুক্ত লোক চুক্তিভিত্তিক নিয়োগ প্রদান করা হবে। উক্ত পদের যোগ্যতা, দায়িত্ব-কর্তব্য এবং বেতন-ভাতাদি নিম্নরূপঃ

- **নুন্যতম যোগ্যতা:**
 - সরকারি অনুমোদিত পলিটেকনিক হতে সিলিল/ইলেক্ট্রিক্যাল/ইলেক্ট্রনিক্স/পাওয়ার/মেকানিক্যাল বিষয়ে কমপক্ষে ৩ বছর মেয়াদী ডিপ্লোমা থাকতে হবে
 - ডিপ্লোমা পরীক্ষায় নুন্যতম সি.জি.পি.এ ৩.০/৪.০ থাকতে হবে
 - দেশের প্রত্যন্ত অঞ্চলে ভ্রমণের সক্ষমতা ও কাজ করার আগ্রহ থাকতে হবে
 - কম্পিউটার পরিচালনায় পারদর্শিতা থাকতে হবে
- **দায়িত্ব ও কর্তব্য:**
 - সারাদেশের প্রত্যন্ত গ্রামাঞ্চলে স্থাপিত সোলার হোম সিস্টেম, সৌর সেচ পাম্প ও সোলার রুফ-টপ সরেজমিন পরিদর্শন ও নিরীক্ষণ
 - পরিদর্শনকৃত তথ্যসমূহ ইডকল এর আঞ্চলিক অফিসসমূহে রাখিত কম্পিউটার ডাটাবেজে এন্ট্রি প্রদান
 - মাসের অধিকাংশ সময় (আনুমানিক ২২ দিন) মাঠপর্যায়ে পরিদর্শন
- **বেতন-ভাতাদি:**
 - মাসিক সর্বমোট বেতন ও ভাতাদি - ১৪,০০০ টাকা
 - মূলবেতনের সমান ২টি উৎসব ভাতা ও দক্ষতা প্রদর্শনের ভিত্তিতে দক্ষতা ভাতা
 - প্রতিদিনের পরিদর্শনের জন্য ৪৫০ টাকা করে দৈনিক ভাতা
 - পরিদর্শনকালীন যাতায়াত ও থাকা বাবদ প্রকৃত খরচ
 - ৩ মাসের শিক্ষানৰীশকাল শেষে প্রতিদেন্ট ফান্ড, গ্রাচুইটি ও স্বাস্থ্য বীমা সুবিধা
 - দক্ষতা ও সত্ত্বেজনক চাকুরির ভিত্তিতে নির্দিষ্ট সময় পর পদোন্নতি প্রাপ্তির সুযোগ

আগ্রহী প্রার্থীদের আগামী ২৫ নভেম্বর ২০১৮ ইং তারিখের মধ্যে ইডকল এর নিম্ন ঠিকানায় শুধুমাত্র ডাকযোগে আবেদনপত্র পাঠানোর জন্য অনুরোধ করা যাচ্ছে। আবেদনপত্রের সাথে (১) বায়োডাটা/জীবনবৃত্তান্ত (মোবাইল ফোন নথৰসহ), (২) এস.এস.সি ও ডিপ্লোমা কোর্সের সনদপত্র ও প্রশংসাপত্রসমূহের সত্যায়িত কপি, (৩) নাগরিকত্ব সনদপত্র/জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি এবং (৪) সদ্য তোলা ১ বপি পাসপোর্ট সাইজের রাখিন ছবি সংযুক্ত করতে হবে। শুধুমাত্র প্রাক-বাছাইকৃত সীমিত সংখ্যক প্রার্থীগণকেই নিখিত পরীক্ষা ও পরীক্ষা পরবর্তী সাক্ষাত্কারের জন্য আমন্ত্রণ জানানো হবে। সরকারি পলিটেকনিক হতে পাসকৃত প্রার্থীদেরকে নিয়োগ প্রদানের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে। নিয়োগ সংক্রান্ত যাবতীয় বিষয়াদি পরিবর্তন, পরিবর্ধন এবং নিয়োগ বিজ্ঞতি বাতিল করার ক্ষেত্রে ইডকল কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

বিঃ দ্রঃ কোনৱ্ব প্রত্যক্ষ অথবা পরোক্ষ সুপারিশ করার চেষ্টা করা হলে প্রার্থিতা তাঙ্কণিকভাবে বাতিল করা হবে।

আদেশক্রমে
ইডকল কর্তৃপক্ষ

আবেদনপত্র পাঠানোর ঠিকানা:

ইনফাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কোম্পানী লিমিটেড

ইউটিসি ভবন (লেভেল-১৭)

৮ পাহাড়পথ, কাওরানবাজার, ঢাকা-১২১৫।